

আরডিএ পপুলার হতে চাল পপুলার কেক খাল

০২৭৪ ০০১০০, ০২৭৪ ০০১০০

প্রকাশনার ৪৩ বছর

দৈনিক

জনগণের আপনজন

করতোয়া

ঢাকা সংস্করণ

The Daily Karotoa

১২ পৃষ্ঠা মূল্য ৫ টাকা

minister LED TV AC REFRIGERATOR

কমপক্ষে ৩২ লিটার ক্ষমতা

“Minister” বি.এন.সি.সি.সি. কোম্পানী লিমিটেডের ডিজিটাল কন্ট্রোল সিস্টেম

০২৭৪ ০০১০০, ০২৭৪ ০০১০০

www.karotoa.com • রেজিঃ নং ১৩ • ৪৩তম বর্ষ • সংখ্যা ১৮০ • বঙ্গভা মঙ্গলবার ৩০ মার্চ ১৪২৫ • ৬ জমাদিউস সানি ১৪৪০ হিজরি • ১২ ফেব্রুয়ারি ২০১৯ • www.karotoa.com.bd

বগুড়া আরডিএ'র নয়া ডিজি'র দায়িত্ব নিলেন আমিনুল ইসলাম

পল্লী উন্নয়ন একাডেমী বগুড়ার নতুন মহাপরিচালক'র দায়িত্ব গ্রহণ করলেন মোঃ আমিনুল ইসলাম। এর আগে তিনি রাজশাহী বিভাগীয় কমিশনারের কার্যালয়ে রাজশাহী বিভাগের অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) হিসেবে দায়িত্ব পালন করেন। ২০১৮ সালে তিনি অতিরিক্ত সচিব পদে পদোন্নতি লাভ করেন। ৮ম বিসিএস এর বিসিএস (প্রশাসন) ক্যাডারে নির্বাচিত হয়ে সহকারি কমিশনার ও ম্যাজিস্ট্রেট হিসেবে ১৯৮৯ সালের ২০ ডিসেম্বর ঢাকা বিভাগীয় কমিশনারের কার্যালয়ে যোগ দেন। কর্মজীবনে তিনি দ্বিতীয় ও প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট হিসেবে নেত্রকোনা জেলা প্রশাসকের কার্যালয়, সহকারি কমিশনার (ভূমি) হিসেবে রাজশাহীর বোয়ালিয়া মেট্রোপলিটন এলাকা এবং বিদ্যুৎ উন্নয়ন বোর্ড-রাজশাহী অঞ্চলের ম্যাজিস্ট্রেট, সিনিয়র সহকারি কমিশনার হিসেবে সিরাজগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয়, সহকারি পরিচালক হিসেবে সিরাজগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয়ের স্থানীয় সরকার বিভাগে ও উপ-পরিচালক হিসেবে এসএলজিডিএফ প্রকল্প (ইউএনডিপিআই, ইউএনসিডিএফ ফান্ডেড), উপজেলা নির্বাহী অফিসার হিসেবে নাটোর সদর উপজেলা; অতিরিক্ত জেলা প্রশাসক হিসেবে (উপ-সচিব) কুমিল্লা জেলা প্রশাসকের কার্যালয় এবং কুমিল্লা, চাঁদপুর ও ব্রাহ্মণবাড়িয়া জেলার জোনাল সেটেলমেন্ট অফিসার হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি সিরাজগঞ্জের জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী বিভাগীয় কমিশনারের কার্যালয়ের রাজশাহীর স্থানীয় সরকার বিভাগের পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। আরডিএ বগুড়ার পরিচালক প্রশিক্ষণ বেগম নারগিস জাহানের সভাপতিত্বে নবনিযুক্ত মহাপরিচালকের দায়িত্ব গ্রহণ অনুষ্ঠানে আরডিএ'র বিদায়ী ভারপ্রাপ্ত মহাপরিচালক ড. এমএ মতিনসহ অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন বগুড়া জেলা প্রশাসক মোঃ ফয়েজ আহাম্মদ, বিভিন্ন উপজেলার উপজেলা নির্বাহী কর্মকর্তাগণ, সহকারী কমিশনার (ভূমি) ও বগুড়া জেলা স্কাউটের বিভিন্ন স্তরের প্রশিক্ষকগণ। অনুষ্ঠানের শুরুতে আরডিএ'র কর্মকর্তা ও কর্মচারীগণ নতুন মহাপরিচালককে স্বাগত জানান। এ সময় তিনি সবার সাথে আনুষ্ঠানিকভাবে পরিচিত হন ও মতবিনিময় করেন। তিনি বলেন, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, জাতীয় শুদ্ধাচার কৌশল, তথ্য অধিকার আইন, অভিযোগ প্রতিকার ব্যবস্থা'র যথাযথ প্রয়োগের মাধ্যমে একাডেমীকে এগিয়ে নেয়া হবে।" তিনি আরো বলেন, সরকারের রূপকল্প-২০২১, ২০৪১ সালের মধ্যে উন্নত বাংলাদেশ এবং স্বাধীনতার হীরক জয়ন্তী ২০৭১ পালনকে সামনে রেখে সরকারের ১০০ বছরের ডেপ্টা পরিকল্পনার সাথে সম্পৃক্ত হয়ে আরডিএ'কে আন্তর্জাতিক পর্যায়ের প্রতিষ্ঠানে রূপান্তর করার এবং একাডেমীর উন্নয়নমূলক কার্যক্রম সার্বিকভাবে এগিয়ে নেওয়ার আশাবাদ ব্যক্ত করেন। খবর বিজ্ঞপ্তির।